
সংবাদ

তারিখ ... 19 JUN 2017 ...
পৃষ্ঠা 2 ... কলাম 6 ...

ক্যা ম্পা স



## রুয়েটে ভর্তিপরীক্ষা ১০ নভেম্বর

রাজশাহীপ্রকৌশল ওপ্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণির ভর্তিপরীক্ষা আগামী ১০ নভেম্বর অনুষ্ঠিত হবে। চলতি শিক্ষাবর্ষে ভর্তিপ্রক্রিয়া কোনোপরিবর্তন আনা হয়নি। গত বছরের নিয়মেই চলতি শিক্ষাবর্ষে ভর্তিপরীক্ষা সম্পন্ন হবে। বুধবার বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির জরুরি সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। রুয়েট ভিসি অধ্যাপক মোহা. রফিকুল আলম বেগের সভাপতিত্বে সভায় আরও উপস্থিত ছিলেন- ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. মোশাররাফ হোসেন,পুরকৌশল অনুষদের ডিন অধ্যাপক মোহা. আব্দুস সোবহান, যন্ত্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক মো. শামীমুর রহমানপ্রমুখ । এবার রুয়েটের ১২টি বিভাগে মোট ৮১৫ জন শিক্ষার্থী ভর্তি হতেপারবে। ভর্তিপরীক্ষায় গণিত, রসায়ন ওপদার্থবিজ্ঞান বিষয়েরপ্রতিটি থেকে ১০০ নম্বর করে ৩০০ নম্বর এবং ইংরেজি বিষয়ে ৫০ নম্বরের লিখিতপরীক্ষা নেয়া হবে।তবে আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছুদের অতিরিক্ত ১০০ নম্বরের মুক্তহস্ত অংকনপরীক্ষায় অংশ নিতে হবে। ভর্তিপরীক্ষা সংক্রান্ত সব তথ্য রুয়েটের ওয়েবসাইটে (www.ruet.ac.bd) পাওয়া যাবে।

## শিক্ষামন্ত্রীকে এনইউ ভিসির অভিনন্দন

কানাডার ভাঙ্কুভারে অনুষ্ঠিত কমনওয়েলথ অফ লার্নিং-এর ৩৪তম সভায় ৫-সদস্য বিশিষ্ট কর্মনির্বাহী কমিটিতে বাংলাদেশের শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি সদস্য নির্বাচিত হওয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরপ্রফেসর ড. হারুন-অর-রশিদ তাঁকে অভিনন্দন জ্ঞাপন করে বলেন যে, বাংলাদেশের শিক্ষাঙ্গনে মাননীয় মন্ত্রীর গতিশীল নেতৃত্ব ও অসামান্য অবদানের এটি আন্তর্জাতিক স্বীকৃতি। সংবাদ বিজ্ঞপ্তি

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর